জাতীয় কৃষি প্রশিক্ষণ একাডেমি (নাটা), গাজীপুর।

**www.nata.gov.bd**

**নাটার ক্রমবিকাশ**

জাতীয় কৃষি প্রশিক্ষণ একাডেমি (National Agriculture Training Academy-NATA) কৃষি মন্ত্রণালয়ের একটি শীর্ষ প্রশিক্ষণ প্রতিষ্ঠান। গাজীপুর জেলার জয়দেবপুরে মনোরম পরিবেশে এর অবস্থান। সময় ও প্রেক্ষিত পরিবর্তনের মধ্য দিয়েই এর ক্রমবিকাশ। সূচনালগ্নে এর নাম ছিল কেন্দ্রীয় সম্প্রসারণ সম্পদ উন্নয়ন ইনস্টিটিউট বা সার্ডি (Central Extension Resources Development Institute-CERDI)। জাপান সরকারের সাহায্যপুষ্ট সংস্থা জাইকার (Japanese International Co-operation Agency-JICA) সহায়তায় সার্ডি ১৯৭৫ খ্রিঃ প্রতিষ্ঠিত হয়। ১৯৮৪ খ্রিস্টাব্দের ৬ জুন সার্ডি কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের (ডিএই) প্রশিক্ষণ উইং এর অঙ্গীভূত হয়। ২০১৩ খ্রিস্টাব্দের ০৩ এপ্রিল সরকারি আদেশ জারির মাধ্যমে সার্ডি বিলুপ্ত হয়ে জাতীয় কৃষি প্রশিক্ষণ একাডেমি (নাটা) কৃষি মন্ত্রণালয়ের একমাত্র শীর্ষ প্রশিক্ষণ প্রতিষ্ঠান হিসেবে আত্মপ্রকাশ করে। এরই ধারাবাহিকতায় কৃষি মন্ত্রণালয়ের স্মারক নং-১২.০৫২.০১৯.০০.০০.০২২.২০১৩-১২৬৩, তারিখ জুলাই ০৮, ২০১৪ খ্রিস্টাব্দ অনুসারে সার্ডির জনবল, নথিপত্রসহ স্থাবর-অস্থাবর সমুদয় সম্পদ নাটায় স্থানান্তরিত হয়।

জাতীয় কৃষি প্রশিক্ষণ একাডেমি (নাটা) প্রতিষ্ঠার পর থেকেই কৃষি মন্ত্রণালয়ের আওতাধীন ১৭ টি সংস্থার ৯ম বা তদুর্ধ্ব গ্রেডের কর্মকর্তাদের কারিগরী ও ব্যবস্থাপনা বিষয়ে প্রশিক্ষণ প্রদান করার মাধ্যমে দক্ষ মানব সম্পদ উন্নয়নে গুরুত্বপূর্ন অবদান রেখে চলেছে।

বিগত ৪ বছরে (প্রতিষ্ঠা লগ্নের পর থেকে) জাতীয় কৃষি প্রশিক্ষণ একাডেমি (নাটা) এর অর্জন সমূহঃ

**ক) প্রশিক্ষণঃ**

| বছর | ট্রেনিং | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|
| | টার্গেট | অর্জন | | | | | | | |
| | | একাডেমিক | | স্পনসরড | | বুনিয়াদি | | মোট | |
| | **প্রশিক্ষনার্থীর সংখ্যা** | ব্যাচ | প্রশিক্ষনার্থীর সংখ্যা | ব্যাচ | প্রশিক্ষনার্থীর সংখ্যা | ব্যাচ | প্রশিক্ষনার্থীর সংখ্যা | ব্যাচ | **প্রশিক্ষনার্থীর সংখ্যা** |
| ২০১৪-১৫ | **১২০** | ৩ | ১২০ | ০ | ০ | ০ | ০ | ৩ | **১২০** |
| ২০১৫-১৬ | **৪৫০** | ১৫ | ৪৫০ | ০ | ০ | ২ | ৭২ | ১৭ | **৫২২** |
| ২০১৬-১৭ | **৫১০** | ১৮ | ৫৩২ | ৯ | ২৩২ | ০ | ০ | ২৭ | **৭৬৪** |
| ২০১৭-১৮ | **৬৮৮** | ২৫ | ৭২৫ | ২৪ | ৬০৩ | ০ | ০ | ৪৯ | **১৩২৮** |
| মোট | **১৭৮০** | ৬১ | ১৮২৭ | ৩৩ | ৮৩৫ | ২ | ৭২ | ৯৬ | **২৭৩৪** |

এছাড়াও গত ২০১৭-১৮ অর্থ বছরে বাংলাদেশ ফলিত পুষ্টি গবেষনা ও প্রশিক্ষণ ইনস্টিটিউট (বারটান) এর ২৩ জন নব-নিযুক্ত কর্মকর্তাকে ১ মাসব্যাপী ইনডাকশন ট্রেনিং প্রদান করা হয়। বর্তমানে (২০১৮-১৯ অর্থ বছরে) NARS ভূক্ত প্রতিষ্ঠান সমুহের ৪০ জন বৈজ্ঞানিক কর্মকর্তাকে চার (০৪) মাসব্যাপী বুনিয়াদি প্রশিক্ষণ প্রদান অব্যাহত আছে।

**খ) সেমিনার/ওয়ার্কশপঃ**

| বছর | বিষয় | টার্গেট | অর্জন | |
|---|---|---|---|---|
| | | সংখ্যা | সংখ্যা | প্রশিক্ষনার্থীর সংখ্যা |
| ২০১৪-১৫ | 1. Training Need Assessment | ১ | ১ | ৯৫ |
| ২০১৫-১৬ | 1.Training cum workshop on Module development<br>2. Validation workshop of NARS Foundation Training Module<br>3. Strengthening NATA Prospective Business Plan<br>4. Curriculum Development | ৩ | ৪ | ৩২০ |
| ২০১৬-১৭ | 1. Innovation Workshop<br>2. Training Need Assessment Regarding Foundation Training Course Curriculum Development for NARS Scientist<br>3. Training cum Validation Workshop on NATA Training Modules<br>4. Validation Workshop on Foundation Training Course Curriculum for NARS Scientist | ২ | ৪ | ২১৭ |
| ২০১৭-১৮ | 1. SDG<br>2. Strategic Management Plan of NATA<br>3. Training Need Assessment<br>4. Training Curriculum Development | ৩ | ৪ | ২৮২ |
| | মোট | ৯ | ১৩ | ৯১৪ |

### গ) প্রশিক্ষণ ম্যানুয়েল তৈরিঃ

প্রশিক্ষণকে কার্যকর ও ফলপ্রসূ করার জন্য কৃষি মন্ত্রণালয়ের অধীন দপ্তর/সংস্থার কর্মকর্তাদের সমন্বয়ে প্রশিক্ষণ চাহিদা নিরূপণ ও কারিকুলাম ডেভেলপমেন্ট বিষয়ক কর্মশালা আয়োজনের মাধ্যমে প্রশিক্ষণ চাহিদা অনুযায়ী বিষয়ভিত্তিক ১৩টি কোর্সের প্রশিক্ষণ ম্যানুয়েল তৈরি করা হয়েছে এবং প্রশিক্ষণ ম্যানুয়েল অনুসরণ করে প্রশিক্ষণার্থীদের ব্যবস্থাপনা এবং কারিগরী বিষয়ে প্রশিক্ষণ প্রদান করা হয়।

### ঘ) ইন-হাউজ প্রশিক্ষণঃ

জাতীয় কৃষি প্রশিক্ষণ একাডেমির অনুষদ সদস্যদের পেশাগত দক্ষতা উন্নয়ন কার্যক্রম অব্যাহত রাখার জন্য একাডেমি নিয়মিত ইন-হাউজ প্রশিক্ষণের আয়োজন করে আসছে।

### ঙ) ভৌত অবকাঠামো উন্নয়নঃ

নাটায় চলমান "জাতীয় কৃষি প্রশিক্ষণ একাডেমি শক্তিশালীকরণ প্রকল্প" এর আওতায় ২০১৫-১৬ অর্থবছর হতে প্রশিক্ষণ সুবিধাদির আধুনিকীকরণ, ভৌত অবকাঠামো উন্নয়নের কাজ চলছে। নাটায় চলমান প্রকল্পটি বাস্তবায়িত হলে নিম্নোক্ত সুবিধাদি বৃদ্ধি পাবে-

- ৪টি ক্লাসরুম, ১টি অত্যাধুনিক কম্পিউটার ল্যাব সমন্বিত তিনতলা নতুন ট্রেনিং কমপ্লেক্স
- ৮০ জন প্রশিক্ষণার্থীর আবাসন ব্যবস্থা সম্পন্ন চারতলা নতুন ডরমিটরি
- দোতলা মেডিকেল সেন্টার, গেস্ট হাউজ ও ডে-কেয়ার সেন্টার
- ২০০ জনের খাবার ব্যবস্থা সম্পন্ন ক্যাফেটেরিয়া
- ২০০ জনের ধারণ ক্ষমতা সম্পন্ন অডিটরিয়াম

### ভবিষ্যত উন্নয়ন প্রক্ষেপণ (২০৩০ সাল পর্যন্ত)ঃ

একুশ শতকের উন্নত বাংলাদেশের কৃষিতে নিয়োজিত মানবসম্পদের কাঙ্খিত উন্নয়নের জন্য মানসম্মত ও যুগোপযোগী প্রশিক্ষণ প্রদান, আদর্শ প্রশিক্ষণ মডিউল, কোর্স কারিকুলাম প্রণয়ন ও উন্নয়ন, সাম্প্রতিক উদ্ভূত কৃষি বিষয়ক চ্যালেঞ্জ মোকাবেলায় জাতীয় ও আর্ন্তজাতিক পর্যায়ের ওয়ার্কশপ ও সেমিনার ইত্যাদির আয়োজন করা, নব উদ্ভাবনমূলক প্রশিক্ষণ যেমন- ই-লার্নিং, ভার্চুয়াল প্রশিক্ষণ ইত্যাদির প্রচলন, অনুষদ সদস্যবৃন্দের পেশাগত দক্ষতা বৃদ্ধির লক্ষ্যে দেশে-বিদেশে প্রশিক্ষণের ব্যবস্থা করা, সার্টিফিকেট কোর্স, ডিপ্লোমা কোর্স এবং পোস্ট গ্রাজুয়েট কোর্সের প্রচলন করা। তাছাড়াও ভবিষ্যত চাহিদার বিবেচনায় অধিক সংখ্যক কর্মকর্তাকে প্রশিক্ষিত করার লক্ষ্যে রাজশাহী, রংপুর, বরিশাল, খুলনা, চট্টগ্রাম, কুমিল্লা ও সিলেট অঞ্চলে ১ টি করে ৭ টি আঞ্চলিক কৃষি প্রশিক্ষণ একাডেমি প্রতিষ্ঠাকরণের চিন্তা ভাবনা রয়েছে।

### উপসংহারঃ

জলবায়ু পরিবর্তন ও আবহাওয়ার প্রতিকূল পরিস্থিতিতে খাদ্য উৎপাদন ও খাদ্য নিরাপত্তা অর্জনে প্রতিবন্ধকতার সৃষ্টি করছে। প্রতিযোগিতামূলক বাজারে কৃষককে নতুন নতুন ঝুকিঁ মোকাবেলা করতে হচ্ছে। পরিবর্তিত পরিস্থিতির সাথে কৃষকদেরকে খাপ খাইয়ে চলতে সহায়তা করার জন্য কৃষি মন্ত্রণালয়ের আওতাভূক্ত প্রতিষ্ঠানসমূহে দক্ষ জনবল থাকা প্রয়োজন। জাতীয় কৃষি প্রশিক্ষণ একাডেমি (নাটা) কৃষি মন্ত্রণালয়ের আওতাধীন শীর্ষ প্রশিক্ষণ প্রতিষ্ঠান, যার প্রধান অঙ্গীকার হলো যোগ্য এবং দক্ষ মানবসম্পদ সৃষ্টি করা। দক্ষ মানবসম্পদ উন্নয়নের জন্য নাটা প্রশিক্ষণ প্রদান, কর্মশালা, সেমিনার, সিম্পোজিয়াম আয়োজনসহ প্রদর্শনী স্থাপন ও প্রকাশনার মাধ্যমে কৃষি শিক্ষার কার্যক্রমকে ত্বরান্বিত করছে।

ড. মোঃ আবু সাইদ মিঞা
মহাপরিচালক (ভারপ্রাপ্ত)
জাতীয় কৃষি প্রশিক্ষণ একাডেমি
গাজীপুর।